

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৯/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ নাজমুস সাকিব
পিতা-ফরিদুল আলম
৪৯/১, পশ্চিম হাজীপাড়া
রমনা থানা, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব হুমায়ুন কবির
পরিচালক (প্রশাসন)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেশা প্লাজা
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
মগবাজার, ঢাকা-১২১৭।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ নাজমুস সাকিব তার দাখিলকৃত ৯৬/২০১৩ নং অভিযোগের বিষয়ে ২২-০৪-২০১৪ তারিখে জনাব হুমায়ুন কবির, পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেশা প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭ এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ৯৬/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্যমূল্য বাবদ অতিরিক্ত অর্থ নিয়ে যে তথ্য সরবরাহ করেছেন তা বিভ্রান্তিমূলক ও অসম্পূর্ণ এবং প্রদত্ত তথ্য কোন অভিযোগের/কত নম্বর অভিযোগের প্রেক্ষিতে সরবরাহ করা হয়েছে তা কোথাও উল্লেখ করেননি। প্রার্থীত তথ্য যথাযথভাবে সরবরাহ না করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর শাস্তি ও জরিমানা দাবি করে অভিযোগকারী পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১০-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময় মঞ্জুর করা হয় এবং ১৫-০৭-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ নাজমুস সাকিব, পিতা-ফরিদুল আলম, ৪৯/১, পশ্চিম হাজীপাড়া, রমনা থানা, ঢাকা হাজির। কিন্তু প্রতিপক্ষ জাতীয় মানবাধিকার কমিশনের পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব হুমায়ুন কবির জাতীয় মানবাধিকার কমিশনের ২০০৯-২০১৪ অর্থ বছরের অডিট সংক্রান্ত জরুরী কাজ থাকায় সময়ের আবেদন প্রেরণ করে গরহাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে যে তথ্য সরবরাহ করেছেন তা অসম্পূর্ণ এবং প্রদত্ত তথ্য কোন অভিযোগের/কত নম্বর অভিযোগের প্রেক্ষিতে সরবরাহ করা হয়েছে তা কোথাও উল্লেখ করা হয়নি।

(অঃ পৃঃ দ্রঃ)

পর্যালোচনা।

অভিযোগকারীর বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে যে তথ্য সরবরাহ করেছেন তা সুস্পষ্ট ও সুনির্দিষ্ট নয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে অভিযোগকারীর প্রার্থিত তথ্য সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে পুনরায় সরবরাহ করার জন্য নির্দেশনা প্রদান করা সমীচীন হবে মর্মে কমিশন মনে করে।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে সরবরাহ করার জন্য জাতীয় মানবাধিকার কমিশনের পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার